


প্রকাশ : ১৩ ডিসেম্বর, ২০১৬ ০১:৫৮
আপডেট : ১৩ ডিসেম্বর, ২০১৬ ১০:১২

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

রাজধানীর ৪ অভিজাত এলাকায় আরও ৫০০ সিসি ক্যামেরা

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

রাজধানীর গুলশান, বনানী, বারিধারা ও নিকেতন এলাকার নিরাপত্তা বিধানে আরও ৫০০ সিসি ক্যামেরা স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। ঢাকা উত্তর সিটি করপোরেশনের উদ্যোগে সোমবার নগর

ভবনে এ নিয়ে এক ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

এসময় মেয়র আনিসুল হক বলেন, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, দাতা সংস্থার প্রতিনিধি এবং ব্যবসায়ী প্রতিনিধিদের নিরাপত্তা প্রদানের বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এসব এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য ৫০০ সিসি ক্যামেরা স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। নতুনভাবে এসব সিসি ক্যামেরা স্থাপন করা হলে তা আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশবাহিনীকে আরও বেশি সক্ষমতা এনে দেবে।

তিনি আরও বলেন, আগামী ২০১৭ সালের মধ্যে ঢাকা উত্তরের সমগ্র এলাকায় ৫ হাজার সিসি ক্যামেরা স্থাপনের মাধ্যমে আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ করা হবে।

বিডি প্রতিদিন/১৩ ডিসেম্বর ২০১৬/হিমেল